উতল-ধারায় বাদল ঝরে।   বেলা যে যায় একা ঘরে ॥
   সজল হাওয়া বহে বেগে,   পাগল নদী ওঠে জেগে,
   আকাশ ঘেরে কাজল মেঘে,   তমালবনে আঁধার করে ॥
ওগো বঁধু দিনের শেষে   এলে তুমি কেমন বেশে—
আঁচল দিয়ে শুকাব জল,   মুছাব পা আকুল কেশে।
   নিবিড় হবে তিমির-রাতি,   জ্বেলে দেব প্রেমের বাতি,
   পরানখানি দিব পাতি— চরণ রেখো তাহার 'পরে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Rupakra, Raag: Mishra Malhar
Visit www.geetabitan.com for notation and other detail